নো মাস্ক নো সার্ভিস

# শিবগঞ্জ পৌরসভা
## চাঁপাইনবাবগঞ্জ
স্থাপিত: ১৯৯২খ্রি.

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ফোন নং- ০২৫৮৮৮৯৫৫৪৬
ফ্যাক্স নং- ০২৫৮৮৮৯৫৫০৪
Email: shibganjpourashava@gmail.com
web: www.shibganjpourashava.gov.bd

স্মারক নং- শিবঃপৌঃ/প্রশাঃবিঃ/হাট-বাজার/২০২৪/২৯ তারিখ- ২৮/০১/২০২৪খ্রিঃ

### হাট-বাজার/ কষাইখানা ইজারা বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩-২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিবগঞ্জ পৌরসভাধীন নিম্ন বর্ণিত হাট-বাজার ও কষাইখানাসমূহ বাংলা- ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বৎসর মেয়াদে অস্থায়ী ভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা প্রদানের জন্য প্রকৃত হাট-বাজার ব্যবসায়ী/ সর্ব সাধারনের নিকট হতে সরকার কর্তৃক আরোপিত শর্ত সম্বলিত দরপত্র/ সিডিউল ফরমে শীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের সাথে দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে বাংলাদেশের যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে মেয়র, শিবগঞ্জ পৌরসভার অনুকূলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য/ শর্তাবলী দরপত্র বিক্রয়ের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জানা যাবে। দরপত্র/সিডিউল নিম্নবর্ণিত তারিখ বেলা- ০৪.০০ ঘটিকা পর্যন্ত শিবগঞ্জ পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় শিবগঞ্জ, সোনালী ব্যাংক লিঃ শিবগঞ্জ শাখা ও শিবগঞ্জ থানায় নিম্ন লিখিত তফশীল অনুযায়ী নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) পাওয়া যাবে এবং দরপত্র গ্রহণের নির্ধারিত তারিখে শিবগঞ্জ পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় শিবগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি)এর কার্যালয় শিবগঞ্জ এ বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত দরপত্র বাক্সে জমা গ্রহণ করা হবে এবং একই তারিখে বেলা ০৩.০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ অত্র পৌরসভা কার্যালয়ে খোলা হবে । নিম্ন বর্ণিত তফশীল মোতাবেক দরপত্র কার্যক্রম পরিচালনা করা হবে।

**-ঃ তফশীল ঃ-**

(হাট-বাজার/কষাইখানা ইজারা ক্যালেন্ডার)

| ক্রম নং | হাট-বাজারের নাম | সিডিউল মূল্য | সিডিউল বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিল এর তারিখ (সকাল ৯.০০মিঃ -১.০০মিঃ পর্যন্ত) | কাংখিত মূল্য/তিন বৎসরের গড় মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | শিবগঞ্জ পৌরসভাধীন তর্ত্তিপুর পশু হাট | ৪৯,২০০/- | ১ম বার- ২০/০২/২০২৪খ্রিঃ<br>২য় বার- ০৬/০৩/২০২৪খ্রিঃ<br>৩য় বার- ২৪/০৩/২০২৪খ্রিঃ<br>৪র্থ বার- ০৮/০৪/২০২৪খ্রিঃ | ১ম বার- ২২/০২/২০২৪খ্রিঃ<br>২য় বার- ০৭/০৩/২০২৪খ্রিঃ<br>৩য় বার- ২৫/০৩/২০২৪খ্রিঃ<br>৪র্থ বার- ০৯/০৪/২০২৪খ্রিঃ | ২,৪০,১৩,০৩৮/০০ | ১ম বার যে সমস্ত হাট বাজারের দরপত্র গৃহীত হবেনা ২য় বারে সেগুলোর দরপত্র গ্রহণ করা হবে এবং এভাবে একই নিয়মে ৪র্থ বার পর্যন্ত চলতে থাকবে। এর জন্য কোন আলাদা বিজ্ঞপ্তি জারি করা হবে না। |
| ২। | শিবগঞ্জ পৌরসভাধীন শিবগঞ্জ হাট, দৈনিক বাজার ও ছাগল হাট | ৭,২০০/- | | | ৫২,১৭,৭৯০/০০ | |
| ৩। | শিবগঞ্জ পৌরসভাধীন চকদৌলতপুর হাট ও বাজার | ২,০০০/- | | | ১০,৪৩,১৬২/০০ | |
| ৪। | শিবগঞ্জ পৌরসভাধীন কসাইখানা | ৫০০/- | | | ২২,৭৬২/০০ | |

**-ঃ বিশেষ শর্তাবলী ঃ-**

১। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে মেয়র, শিবগঞ্জ পৌরসভা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ পরিষ্কার-পরিচ্ছন্ন জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

২। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ ব্যাংক ড্রাফট আকারে মেয়র, শিবগঞ্জ পৌরসভা বরাবর জমা প্রদান করতে হবে এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/ সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয় কৃত দরপত্র অন্য দফায় আহ্বান কৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৫। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

৬। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৭। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না।

৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩৫০ (তিন শত পঞ্চাশ) টাকার নন- জুডিসিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
১১। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১২। দরদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট আকারের সদ্য তোলা ০২ (দুই) কপি সত্যায়িত ছবি জমা দিতে হবে।
১৩। দরপত্র দাখিলকারীর নামেই বি.ডি করতে হবে।
১৪। যদি ইজারা মেয়াদের মধ্যে সরকার কর্তৃক কোন নতুন কর আরোপ করা হয় তবে ইজারাদার তা প্রদান করতে বাধ্য থাকবে।
১৫। আম, কাঁঠাল, লিচু টোল বাইপাস হাটের ইজারদার আদায় করিবেন।
১৬। সকল ক্ষেত্রে সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা/২০১১ প্রযোজ্য হবে।
১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/০১/২৪
সৈয়দ মনিরুল ইসলাম
মেয়র
শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- শিবঃপৌঃ/প্রশাঃবিঃ/হাট-বাজার/২০২৪/২৯/১(২০০) তারিখ- ২৮/০১/২০২৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জোষ্ঠ্যতার ভিত্তিতে নয়):-

১. সচিব মহোদয়, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
৫. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ এর সদয় অবগতি ও নির্ধারিত তারিখে একজন অফিসারসহ প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৬. উপজেলা চেয়ারম্যান, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
৭. মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/ রহনপুর/ নাচোল পৌরসভা চাঁপাইনবাবগঞ্জ, গোদাগাড়ী পৌরসভা, রাজশাহী।
৮. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে নির্ধারিত তারিখ পর্যন্ত সিডিউল বিক্রয় ও ধার্য্য তারিখে দরপত্র বাক্স সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৯. সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
১০. ডিআইও (১), জেলা বিশেষ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।
১১. পুলিশ পরিদর্শক, ডিবি, চাঁপাইনবাবগঞ্জ।
১২. আর আই, পুলিশ লাইন, চাঁপাইনবাবগঞ্জ।
১৩. উপজেলা নির্বাহী অফিসার, ——————————— (সকল), চাঁপাইনবাবগঞ্জ।
১৪. উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ। তাঁকে নির্ধারিত তারিখ পর্যন্ত সিডিউল বিক্রয় ও ধার্য্য তারিখে দরপত্র বাক্স সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫. সহকারী কমিশনার (ভূমি), শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
১৬. জনাব/জনাবা, ——————————— কাউন্সিলর/ মহিলা কাউন্সিলর (সকল), শিবগঞ্জ পৌরসভা।
১৭. পৌর নির্বাহী কর্মকর্তা, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৮. নির্বাহী প্রকৌশলী, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
১৯. সাব-রেজিষ্ট্রার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
২০. উপজেলা প্রকৌশলী, এল.জি.ই.ডি, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
২১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, শিবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।
২২. অফিসার ইনচার্জ, শিবগঞ্জ থানা, চাঁপাইনবাবগঞ্জ।
২৩. সভাপতি/ সম্পাদক, ঠিকাদার সমিতি, শিবগঞ্জ/ চাঁপাইনবাবগঞ্জ।
২৪. সভাপতি/ সম্পাদক, শিবগঞ্জ শিল্প ও বণিক সমিতি, শিবগঞ্জ/ চাঁপাইনবাবগঞ্জ।
২৫. উপজেলা পোষ্ট মাষ্টার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
২৬. উপ-সহকারী ভূমি কর্মকর্তা, পৌর ভূমি অফিস, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।
২৭. প্রশাসনিক কর্মকর্তা, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
২৮. হিসাব রক্ষক, শিবগঞ্জ পৌরসভা। তাঁকে নির্ধারিত তারিখ পর্যন্ত সিডিউল বিক্রয় করার নির্দেশ দেয়া হলো।
২৯. ——————————— শাখা প্রধান, শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
৩০. জনাব, ——————————— ইজারাদার, শিবগঞ্জ হাট, দৈনিক বাজার ও ছাগল হাট/শিবগঞ্জ তর্তিপুর পশু হাট/ শিবগঞ্জ বাইপাস পৌর হাট ও বাজার, শিবগঞ্জ পৌরসভা।
৩১. সম্পাদক, ——————————— ০৩ (তিন) কলাম, ১০" (দশ ইঞ্চি) পরিসরে আপনাকে বিজ্ঞপ্তিটি প্রকাশ পূর্বক অত্র কার্যালয়ে বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
৩২. জনাব, মোঃ আব্দুল্লাহ আল মেহেদী হাসান, প্রধান সহকারী (ভারপ্রাপ্ত), শিবগঞ্জ পৌরসভাকে পরপর ০৩ (তিন) দিন মাইক যোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হইল।
৩৩. নোটিশ বোর্ড, শিবগঞ্জ পৌরসভা।
৩৪. অফিস নথি।

২৮/০১/২৪
সৈয়দ মনিরুল ইসলাম
মেয়র
শিবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।